# Times Today BD

বিনোদন ডেস্ক | খেলা | 26 June, 2025

কলম্বোর সিরিজ নির্ধারণী টেস্টে দেড় দিনও টিকতে পারল না বাংলাদেশ।প্রথম ইনিংসে মাত্র ২৪৭ রানে অলআউট হয়ে যায় সফরকারীরা।দ্বিতীয় দিনের শুরুতে আগের দিনের সঙ্গে মাত্র ২৭ রান যোগ করতেই গুটিয়ে যায় টাইগারদের ইনিংস।

এরপর ব্যাট হাতে শ্রীলঙ্কা দেখিয়েছে সম্পূর্ণ বিপরীত চিত্র।লঙ্কান দুই ওপেনার লাহিরু উদারা ও পাথুম নিশাঙ্কা ব্যাট চালিয়েছেন ওয়ানডে মেজাজে।প্রথম সেশনে কোনো উইকেট না হারিয়ে ৮৩ রান তোলে স্বাগতিকরা।মধ্যাহ্ন বিরতির আগে ফিফটি তুলে নেন প্রথম টেস্টের সেঞ্চুরিয়ান নিশাঙ্কা।

বাংলাদেশের হয়ে একমাত্র উইকেটটি আসে রিভিউয়ের কল্যাণে।২৪তম ওভারে তাইজুল ইসলামের বলে এলবিডব্লিউ হন উদারা, যার সিদ্ধান্ত পাল্টে আসে ডিআরএসে।তিনি ফেরেন ৪০ রানে।তখন শ্রীলঙ্কার সংগ্রহ ৮৮/১।

এই প্রতিবেদন লেখার সময় পর্যন্ত শ্রীলঙ্কা করেছে ১৩৯ রান, পিছিয়ে আছে মাত্র ১০৮ রানে। ক্রিজে অপরাজিত আছেন নিশাঙ্কা (৬৮) ও দিনেশ চান্দিমাল (৩০)।

শান্ত-মুশফিকদের ব্যর্থতার দিনে লঙ্কানদের নিয়ন্ত্রিত ও আত্মবিশ্বাসী ব্যাটিং বাংলাদেশের জন্য চাপ বাড়িয়ে চলেছে।

কলম্বোর সিরিজ বাংলাদেশ টাইগার শ্রীলঙ্কা শান্ত-মুশফিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 23:04

URL: https://timestodaybd.com/sports/7758073755